

## তাকেই তো চাই

এক কথা দু'কথা বলতে বলতে  
তার সঙ্গে অনেকটা পথ এসে পড়ি  
তবু সে আরো আরও পথ যাবে  
চলছি কথা শেষ করতে হবে  
না বলা থেকে যায়;  
সে চলে যায়।

বুকের পাখি ঝাপটায়  
ওখনও আর কিছু বলছিল  
আবার তার সঙ্গ পেতে চায়  
তবু যেন চলতে চলতে  
আরও নতুন কথা বলার ইচ্ছে হয়।  
তার সঙ্গ সব সময় পেতে চায়  
সে এত দূর দূর কক্ষপথে চলা হৃদয়  
নীল নীল ঘন অর্ধকারে  
জ্যোতিষ ঘেরা নীহারিকার দেশে  
তাই অপেক্ষা করি, আলোক বছর ধরে  
এক সঙ্গে চলার আনন্দে আঁখির আগ্রহে  
আশা রাগিনীকে বুকে ধরে।।

## চুক্টাক

১

দায় দায়িত্ব কাঁধে নিয়ে  
চলি দীর্ঘপথ  
সাক্ষী থাক ধানবাড়ি  
থাক তুমি বট-অশ্বথ।

৩

তুমি আমার  
পড়ে আছো, আগুনের স্তুপে  
তুমি আমার হীরে  
বুকের ভালবাসা নিতে  
এসো ফিরে ফিরে।

## অত্তপ্তি

পাখির আনন্দ দেখে  
চোখ জুড়ে যায়  
পাখির বাহার তুলে  
সে যে উড়ে যায়।  
জীবনের নীড় আছে  
সে এক সুরে  
দূরে দূরে পাড়ি দেয়  
জীবন নিরিখে।  
কুটি কুটি গোছ করে  
বাসা তার ভয়ে  
ফলে জলে  
ত্পন্থ নয়—দৃষ্টি তার দূরে আর দূরে  
কিসের সংবাদে কিসের আশায় আনচান করে  
প্রতিদিন ঘর ছাড়ে অত্পন্থ অন্তরে।।